মেহেরপুরে বিশ্ব এইডস দিবস পালনের প্রস্তুতি সভা

বিশ্ব এইডস দিবস পালন উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর সিভিল সার্জন অফিসের উদ্যোগে বৃহস্পতিবার সিভিল সার্জন অফিস মিলনায়তনে এ প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

সিভিল সার্জন ডাক্তার মোঃ নাসির উদ্দীনের সভাপতিত্বে প্রস্তুতি সভায় বক্তব্য রাখেন মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে সুপার ডাক্তার রফিকুল ইসলাম।

সভায় মেহেরপুরের বিভিন্ন এনজিও প্রতিনিধিরা অংশগ্রহণ করেন।

আমঝুপি বঙ্গবন্ধু ফুটবল টুর্নামেন্টে দামুড়হুদা সেমিফাইনালে

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি পাবলিক ক্লাব ও লাইব্রেরীর উদ্যোগে আমঝুপি মাঠে অনুষ্ঠিত বঙ্গবন্ধু ফুটবল টর্নামেন্টে দামুড়হুদা একাদশ ৩য় দল হিসেবে সেমিফাইনালে উঠেছে।

বৃহস্পতিবার বিকেলে অনুষ্ঠিত ৩য় কোয়ার্টার ফাইনাল খেলায় দামুড়হুদা একাদশ ৪-০ গোলে রায়পুর শাপলা ক্লাবকে পরাজিত করে। খেলায় বিজয়ী দলের পক্ষে সায়েম, ইমরান, বিল্টু ও সুমন একটি করে গোল করেন।

খেলায় বিজয়ী দলের সুমন ম্যান অফ দ্যা ম্যাচ নির্বাচিত হন। আমঝুপি পাবলিক ক্লাব ও লাইব্রেরীর ক্রীড়া সম্পাদক সোহেল রানা সবুজ ম্যান অব দ্যা ম্যাচ এর পুরস্কার বিতরণ করেন।

এর আগে রেফারি আসিক দামুড়হুদা একাদশের কোচ সদুকে লাল কার্ড দেখিয়ে মাঠ থেকে বের করে দেন। দামুড়হুদার কোচ সদু অনিয়মতান্ত্রিক ভাবে বারবার মাঠে প্রবেশ করায় রেফারি তাকে লাল কার্ড দেখান।

মেহেরপুর জেলা সমাজসেবা অফিসের ক্রীড়া সামগ্রী বিতরণ

মেহেরপুর জেলা প্রশাসন ও জেলা সমাজসেবা অফিসের উদ্দ্যোগে মুজিব শতবর্ষে মেহেরপুর জেলার সরকারি শিশু পরিবার (বালক ও বালিকা) এর নিবাসীদের সমাজের মূল স্রোতধারায় আনয়নের লক্ষ্যে ভ্রামমাণ লাইব্রেরির সদস্য কার্ড এবং ক্রীড়া সামগ্রী বিতরণ করা হয়েছে।

বৃহস্পতিবার বিকেলের দিকে মেহেরপুর সরকারি শিশু পরিবার মিলনায়তনে ভ্রামমাণ লাইব্রেরির সদস্য কার্ড এবং ক্রীড়া সামগ্রী বিতরণ করা হয়।

জেলা প্রশাসক ডঃ মুহাম্মদ মুনসুর আলম খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ভ্রামমাণ লাইব্রেরির সদস্য কার্ড এবং ক্রীড়া সামগ্রী বিতরণ করেন।

স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোহাম্মদ মুজাহিদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহি অফিসার সুজন সরকার, পাবলিক প্রসিকিউটর পল্লব ভট্টাচার্য, প্রফেসর হাসানুজ্জামান মালেক।

বক্তব্য রাখেন মেহেরপুর জেলা সমাজসেবা অধিদপ্তরের ভারপ্রাপ্ত উপ-পরিচালক কাজী কাদের মোহাম্মদ ফজলে রাব্বী।

গাংনীতে সরকারিভাবে ধান ক্রয়ের জন্য লটারী

মেহেরপুরের গাংনীতে ইউনিয়ন ভিত্তিক কৃষকদের নিকট থেকে সরকারিভাবে আমন ধান ক্রয়ের জন্য সফটওয়্যারের মাধ্যমে লটারী অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বেলা ১১টার দিকে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে সফটওয়্যারের মাধ্যমে এ লটারী অনুষ্ঠিত হয়।

এ সময় ক্রয় কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার আর এম সেলিম শাহনেওয়াজ, সদস্য সচিব ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (অ:দা:) আয়েশা খাতুন, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা আব্দুর রউফ, সহকারী উপ-খাদ্য পরিদর্শক সাইদুর রহমান ও সহকারী প্রোগ্রামার আব্দুর রকিবসহ পৌরসভা ও ইউনিয়ন পরিষদের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

পৌরসভাসহ ৯টি ইউনিয়নে মোট তালিকাভুক্ত ৯ হাজার ৮’শ ৩৪ জনের মধ্যে প্রথমধাপে ৭৩৫জন এবং ৬০% বৃদ্ধিতে আরো ৩৭১জনসহ সর্বমোট ১ হাজার ১’শ ৬জন কৃষকের নামের তালিকা লটারী মাধ্যমে সম্পন্ন করা হয়।

লটারীর তালিকা অনুযায়ী প্রকৃত কৃষকদের নিকট থেকে ৫৬৬ মে:টন আমন ধান আগামী ২০২১ সালের ফেব্রুয়ারী ২৮ তারিখের মধ্যে ক্রয়ের নির্দেশনা দেয়া হয়েছে।

লটারীর ফলাফল অনুযায়ী কৃষকদের তালিকা চলতি মাসের মধ্যে পৌরসভাসহ প্রত্যেকটি ইউনিয়ন পরিষদে পাঠানো হবে বলে জানান খাদ্য গুদাম ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসিএলএসডি) মতিয়ার রহমান বিশ্বাস।

মেহেরপুর রেড ক্রিসেন্ট

সোসাইটি‘র নির্বাচনে সকলেই বিনা প্রতিদ্বন্দিতায় নির্বাচিত

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি মেহেরপুর জেলা ইউনিটের ত্রৈ-বার্ষিক নির্বাচনে সহ-সভাপতি, সাধারণ সম্পাদকসহ ৫ জন নির্বাহী সদস্য কে বিনা প্রতিদ্বন্দি¦তায় নির্বাচিত ঘোষণা করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার দুপুরের দিকে মেহেরপুর জেলা রেড ক্রিসেন্ট সোসাইটির নির্বাচন পরিচালনার দায়িত্বে নিয়োজিত প্রধান নির্বাচন কমিশনার নুরুল আহমদ বিনা প্রতিদ্বন্দি¦তায় নির্বাচিতদের নাম ঘোষণা করেন।

নির্বাচনে সহ -সভাপতি পদে এডভোকেট ইয়ারুল ইসলাম, সাধারণ সম্পাদক পদে মেহেরপুর জেলা রেড ক্রিসেন্ট সোসাইটির বর্তমান সম্পাদক এডভোকেট খন্দকার একরামুল হক হীরা, নির্বাহী সদস্য পদে আসকার আলী, এডভোকেট খন্দকার আব্দুল মতিন, শামীম আরা হীরা,

অ্যাডভোকেট শফিকুল আলম ও জিয়ার উদ্দিন বিশ্বাস। মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসূল পদাধিকারবলে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি মেহেরপুর জেলা ইউনিটের চেয়ারম্যান।

গাংনীতে বেতন বৈষম্য নিরসনের দাবিতে কর্মবিরতি

বাংলাদেশ হেলথ এসিস্ট্যান্ট অ্যাসোসিয়েশনের উদ্যোগে বেতন বৈষম্য নিরসনের দাবিতে কর্মবিরতি করেছে গাংনী উপজেলা শাখার স্বাস্থ্য পরিদর্শক ও সহকারীরা।

গতকাল বৃহস্পতিবার বেলা ১১টার দিকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স চত্বরে এ কর্মবিরতি পালন করা হয়।

এ কর্মবিরতি পালন কার্যক্রমের নেতৃত্ব দেন গাংনী উপজেলা শাখার সভাপতি আলফাজ হোসেন ও সাধারণ সম্পাদক সাজেদুর রহমান।

১৯৯৮ সালে প্রধানমন্ত্রীর ঘোষণা, ২০১৮ সালে স্বাস্থ্যমন্ত্রীর ঘোষণা এবং ২০২০ সালের ফেব্রুয়ারি মাসে স্বাস্থ্যমন্ত্রীর লিখিত প্রতিশ্রুতি রয়েছে।

বিধায় স্বাস্থ্য পরিদর্শক- ১১, সহকারী স্বাস্থ্য পরিদর্শক-১২ এবং স্বাস্থ্য সহকারীদের ১৩ তম গ্রেড প্রদান করে নিয়োগবিধি সংশোধনসহ বেতন বৈষম্য নিরসনের দাবি জানান বক্তারা।

এ সময় উপজেলার সকল স্বাস্থ্য পরিদর্শক সহকারী স্বাস্থ্য পরিদর্শক ও স্বাস্থ্য সহকারীরা উপস্থিত ছিলেন।

গাংনীর ধলা সীমান্তে ফেন্সিডিল ও মদ উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার ধলা সীমান্ত ফাঁড়ির বিজিবি সদস্যরা ফেন্সিডিল ও মদ উদ্ধার করেছে।

গতকাল বৃহস্পতিবার ভোরের দিকে গাংনী উপজেলার ধলা বিজিবি সদস্যরা ধলার মাঠ থেকে পরিত্যক্ত অবস্থায় ১৫ বোতল ফেনসিডিল ও ১০ বোতল মদ উদ্ধার করে।

এদিন ধলা সীমান্ত ফাঁড়ির বিজেবির হাবিলদার ওবিলজার রহমানের নেতৃত্বে বিজিবির একটি টহল দল টহল শেষে ফেরার পথে মাঠ থেকে পরিত্যক্ত অবস্থায় ১৫ বোতল ফেনসিডিল ও ১০ বোতল মদ উদ্ধার করে উদ্ধার করে।

গাংনীর বামন্দিতে আগুনে পুড়ে লক্ষাধিক টাকার ক্ষতি

মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দির নিশিপুরে গোরস্থান পাড়ার হায়বাত আলীর ঘর আগুনে পুড়ে লক্ষাধিক টাকার ক্ষয়-ক্ষতি হয়েছে বলে জানা গেছে।

গত বুধবার বিকেলে রান্না করার সময় অসাবধানতাবশত চুলা থেকে আগুনের সূত্রপাত ঘটে। হায়বাত আলী বামন্দি নিশিপুর গোরস্থান পাড়ার মরহুম হবেদ মন্ডলের ছেলে।

সংবাদ পেয়ে বামুন্দি ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স এর সদস্যরা ঘটনাস্থলে প্রায় এক ঘণ্টা প্রচেষ্টার ফলে আগুন নিয়ন্ত্রণে আনে।
জানা যায়, রান্নার চুলা থেকে আগুনের সূত্রপাত ঘটেছে।

গাংনী থানা অফিসার ইনচার্জ ওবাইদুর রহমান জানান, বামুন্দি নিশিপুর গোরস্থান পাড়ায় ঘরে আগুনের সংবাদ পেয়েছি, ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে।

বাংলাদেশ মানবাধিকার কমিশনের মেহেরপুর জেলা শাখার কমিটির অনুমোদন

সাবেক মেয়র মোতাছিম বিল্লাহ মতুকে সভাপতি, সংগঠক মানিক হোসেনকে সাধারণ সম্পাদক করে বাংলাদেশ মানবাধিকার কমিশন মেহেরপুর জেলা শাখার কমিটি অনুমোদন দেওয়া হয়েছে।

গতকাল বৃহস্পতিবার মো: মেতাছিম বিল্লাহ মতুকে সভাপতি ও মানিক হোসেনকে সাধারণ সম্পাদক করে ২৬ সদস্য বিশিষ্ট কমিটির অনুমোদন দেন বাংলাদেশ মানবাধিকার কমিশন (বিএইচআরসি) এর কেন্দ্রীয়

সেক্রেটারী জেনারেল ড. সাইফুল ইসলাম দিলদার।

কমিটির অন্য সদস্যরা হলেন, নির্বাহী সভাপতি মো: শাহ জামান, সহ-সভাপতি মো: ইমদাদুল হক ও মো: বদরুদ্দোজা খাঁন, যুগ্ম-সম্পাদক আশহাদুর রহমান, মুত্তাকী বিল্লাহ শাফিন ও রাহিনুজ্জামান, মহাব্বত, অর্থ সম্পাদক আবু হানিফ, যুগ্ম অর্থ সম্পাদ মো: নরুজ্জামান,

সাংগঠনিক সম্পাদক মো: শাহিন, রোকসানা আরা, মো: সাইফুল বাহার, শামিম হাসান, প্রচার ও প্রকাশনা সম্পাদক মো: বাশেদ খান , দপ্তর সম্পাদক মুনেম তাজ ওয়ার, আইন বিষয়ক সম্পাদক মো: মাসুদ রানা, মহিলা বিষয়ক সম্পাদক ঝড়না মণ্ডল, সমাজকল্যাণ বিষয়ক সম্পাদক আসিফ ইকবাল খান, আন্তর্জাতিক সম্পাদক তাওসিফ আবরার, সাংস্কৃতিক সম্পাদক মো: রাসেল, নির্বাহী সদস্য মো: রুহুল আমিন, মো: রানা, আশরীফুজ্জামান ও অমন আগরওয়ালা।

গাংনীতে অ্যাসাইনমেন্ট জমা না নেওয়ার অভিযোগ

মেহেরপুরের গাংনীর আড়পাড়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুর রউফ স্বপনের বিরুদ্ধে শিক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট খাতা জমা না নেওয়ার অভিযোগ উঠেছে।

বেতন দিতে না পারায় খাতা জমা নিচ্ছে না এমন অভিযোগ তুলে প্রতিকার চেয়ে বৃহস্পতিবার দুপুরে গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাশারের কার্যালয়ে এসে শিক্ষার্থীরা অভিযোগ করেছে।

আড়পাড়া মাধ্যমিক বিদ্যালয়ের অষ্টম শ্রেণির ছাত্র সুমন, জীবন, জাবির, সাহাদ, আরিব ও নবম শ্রেণির শিক্ষার্থী এ্যানি অভিযোগ করে বলেন, করোনার কারণে বেতনের অর্ধেক টাকা নেওয়ার অনুরোধ করলেও প্রধান শিক্ষক বিষয়টি আমলে নেননি। দাবিকৃত টাকা না দেওয়া পর্যন্ত অ্যাসাইনমেন্ট খাতা জমা নেওয়া হবে না বলে জানান তিনি। নিরুপায়

হয়ে আমরা বিষয়টি মানবিক দৃষ্টিতে দেখার জন্য শিক্ষা অফিসারের কাছে অভিযোগ করতে এসেছি।

আড়পাড়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুর রউফ স্বপন জানান, ১২ মাসের বেতন ১০ মাস করা হয়েছে। শিক্ষা অফিসে যারা অভিযোগ করেছে তারা আমার বিদ্যালয়ের শিক্ষার্থী না, তারা সব বহিরাগত।

মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাশার জানান, বিষয়টি সমাধান করার জন্য প্রধান শিক্ষককে বলা হয়েছে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার সেলিম শাহনেওয়াজ বলেন, শিক্ষার্থীদের বিষয়টি দ্রত সমাধান করার জন্য শিক্ষা অফিসারকে নির্দেশ দেওয়া হয়েছে।